বিএসএফের হাতে আটক সাবেক সেনা সদস্যকে ফেরত আনলো বিজিবি

শামসুল আলম,ঠাকুরগাঁও – ঠাকুরগাঁওয়ে ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনী (বিএসএফ) হাতে আটক হওয়া আলিমুর রহমান নামে সাবেক সেনা সদস্যকে ফেরত এনেছে ৫০ ব্যাটালিয়ন বিজিবি।

বুধবার (১৫ জানুয়ারি) সন্ধ্যায় ১৫২ ব্যাটালিয়ন বিএসএফের সঙ্গে পতাকা বৈঠকের মাধ্যমে ওই যুবককে বাংলাদেশে ফেরত আনা হয়।

বিষয়টি নিশ্চিত করেছেন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ৫০ ব্যাটালিয়ন ঠাকুরগাঁওয়ের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল তানজীর আহম্মদ।

তিনি বলেন, গত ১৪ জানুয়ারি মঙ্গলবার রাতে জেলার বালিয়াডাঙ্গী উপজেলার আমজানখোর ইউনিয়নের বিজিবির বেউরঝাড়ি বিওপির দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার ৩৮০/৪ এস থেকে আনুমানিক ৩০০ গজ ভারতের অভ্যন্তরে ‘বড়বিল্লা’ নামক সীমানা থেকে ১৫২ ব্যাটালিয়ন বিএসএফ ওই বাংলাদেশিকে আটক করে নিয়ে যায়। পরে গতকাল সন্ধ্যা ৭ টায় বিজিবির নিরলস প্রচেষ্টা ও তৎপরতায় ৫০ বিজিবি ও ১৫২ ব্যাটালিয়ন বিএসএফের মধ্যে অনুষ্ঠিত পতাকা বৈঠকের মাধ্যমে আলিমুর রহমানকে দেশে ফেরত আনা হয়।